

বাংলাদেশ হাই কমিশন

লন্ডন

প্রেস উইং

প্রেস বিজ্ঞপ্তি

লন্ডন, ১৫ আগস্ট ২০১৬

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪১তম মৃত্যু বার্ষিকী উপলক্ষে আজ ১৫ আগস্ট ২০১৬ এক স্মারক কর্মসূচীর মাধ্যমে লন্ডনস্থ বাংলাদেশ হাই কমিশন জাতীয় শোক দিবস পালন করেছে।

দিবসের শুরুতেই হাই কমিশনে জাতীয় পতাকা অর্ধ-নমিত করা হয়। এ উপলক্ষে সকাল ১১ ঘটিকায় চ্যালসি ওল্ড টাউন হলে অনুষ্ঠিত আলোচনা সভার প্রারম্ভে যুক্তরাজ্যে নিযুক্ত বাংলাদেশের ভারপ্রাপ্ত হাইকমিশনার খন্দকার এম তালহার নেতৃত্বে হাইকমিশনের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। এছাড়াও পুষ্পস্তবক অর্পণ করেন যুক্তরাজ্য আওয়ামী লীগ পক্ষে জনাব সুলতান শরীফ ও যুক্তরাজ্য মহিলা আওয়ামী লীগের পক্ষে খালেদা মুস্তাক চৌধুরী এবং বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন। এরপর জাতীয় শোক দিবস উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্র মন্ত্রী এবং মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রীর বাণী পাঠ করে শোনানো হয়। এছাড়া শোকাবহ এই দিনে ঘাতকদের হাতে নির্মমভাবে শাহাদত বরণকারী বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের সদস্যবৃন্দ এবং অন্যান্যদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করে এক মিনিট নিরবতা পালন করা হয়।

আলোচনা সভায় লন্ডনে চিকিৎসাধীন সব্যসাচী কবি শামসুল হক বলেন, বঙ্গবন্ধু কাছ থেকে আমরা পেয়েছি সত্যের পথে এগিয়ে যাওয়ার দিক্ষা। বিশ্বের দরবারে আজ বাংলা ভাষায় কথা বলার বিষয়ে বঙ্গবন্ধুর অবদান ও যুক্তরাজ্যের সাথে বঙ্গবন্ধুর রাজনৈতিক অনেক সম্পর্কের স্মৃতি গুলোর কথা তুলে ধরেন। এরপর তাঁর সদ্য রচিত একটি কবিতা পাঠ করে শুনান।

এছাড়া, বিশিষ্ট সাংবাদিক, লেখক ও কলামিস্ট জনাব আব্দুল গাফফার চৌধুরী, বাঙালী স্বাধীনতার স্থপতি বঙ্গবন্ধুর কর্মময় জীবনের উপর আলোকপাত করেন। তিনি বলেন, বঙ্গবন্ধু একজন মহান রাষ্ট্রনায়ক ছিলেন। শেখ মুজিব বাংলাদেশের একটি অবিচ্ছেদ্য অংশ। পরাধীন জাতিকে তিনি স্বাধীন করেছেন। পৃথিবীতে অনেক নেতা এসেছেন, কিন্তু বঙ্গবন্ধুর মত নেতার আর্বিভাব ঘটেনি।

জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভায় সভাপতি ভারপ্রাপ্ত হাইকমিশনার খন্দকার এম তালহা বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের সদস্যদের শ্রদ্ধা জানিয়ে তাঁর বক্তব্য শুরু করেন। তিনি বলেন, বঙ্গবন্ধু সোনার বাংলার যে স্বপ্নের যে জাল বুনেছিলেন তা ছিল বাঙ্গালী অবাল-বনিতা, কামার-কুমার, কৃষক, শ্রমিক এবং সকল বাঙ্গালীর স্বপ্ন। আজ বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশের অগ্রগতি বিশ্বের কাছে মডেল। আজকের দিনে শোককে শক্তিতে পরিণত করে চক্রান্তকারীদের প্রতিহত করে উন্নয়নের চাকাকে সচল রাখতে হবে। জাতির প্রকৃত ইতিহাস আমাদের নতুন প্রজন্মের কাছে তুলে ধরতে হবে।

যুক্তরাজ্য আওয়ামী লীগের সভাপতি জনাব সুলতান শরীফ, যুগ্ম-সম্পাদক জনাব মারুফ চৌধুরী, মুক্তিযোদ্ধা সম্পাদক জনাব ফয়জুর রহমান খান, যুগ্ম-মহিলা সম্পাদক খালেদা মুস্তাক চৌধুরী আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচনাকালে বক্তারা বঙ্গবন্ধুর জীবন আদর্শ তরুণ প্রজন্মের মাঝে ছড়িয়ে দিতে প্রকাশনার উপর গুরুত্ব আরোপ করেন। এছাড়া, উর্মি মাজহার বঙ্গবন্ধুর সংগ্রাম মুখর জীবনের উপর কবিতা পাঠ করেন। এরপর, বঙ্গবন্ধুর সংগ্রামী জীবনের উপর একটি সচিত্র প্রামাণ্য চিত্র প্রদর্শন করা হয়।

আলোচনা সভায় প্রবাসী বাংলাদেশী কমিউনিটির বিভিন্ন রাজনৈতিক, সামাজিক এবং যুক্তরাজ্যস্থ বাংলা প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

জাতীয় শোক দিবস উপলক্ষ্যে বাংলাদেশ হাইকমিশন, লন্ডন ৩০ পৃষ্ঠার একটি স্মরণিকা প্রকাশ করে।

(নাদীম কাদির)

মিনিষ্টার প্রেস